সংগীত কুমার | ক্যাম্পাস | 14 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) খালেদা জিয়া হল ডিবেটিং সোসাইটির ২০২৫-২৬ সেশনের নতুন কার্যনির্বাহী কমিটি গঠিত হয়েছে। বুধবার (১৪ মে) সকালে হল প্রভোস্টের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এ কমিটি ঘোষণা করা হয়।

নবগঠিত কমিটিতে ফোকলোর স্টাডিজ বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী তাজমিন রহমান সভাপতি এবং ইংরেজি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মুমতাহিনা রিনি সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন।

কমিটির অন্যান্য পদে রয়েছেন– সহ-সভাপতি সাদিয়া ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক রিতুয়ানা রহমান, সাংগঠনিক সম্পাদক তাসলিমা আরেফিন অথি, অর্থ সম্পাদক সাবরিনা খাতুন, দপ্তর সম্পাদক সুমাইয়া খাতুন, প্রচার সম্পাদক শাম্মী আকতার, প্রযুক্তি বিষয়ক সম্পাদক সাবিকুন্নাহার, অনুষ্ঠান সম্পাদক কাজী ফাতেহা আসমিয়া আর্দি এবং বিতর্ক গবেষণা সম্পাদক নাহিদা সুলতানা উর্মি।

কার্যনির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন তাহিরা আহমেদ, রুনা লায়লা ও রিয়া আক্তার রুমা।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক মুমতাহিনা রিনি বলেন, “এই প্রথমবারের মতো খালেদা জিয়া হল ডিবেটিং সোসাইটিতে সাধারণ সদস্যদের প্রত্যক্ষ ভোটে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। এটি আমাদের জন্য আনন্দের, একই সঙ্গে দায়িত্ব পালনের চ্যালেঞ্জও।”

খালেদা জিয়া ডিবেটিং সোসাইটি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:41

URL: https://www.timestodaybd.com/campus/5623802493